আজকের কাগজ

তারিখ 11 DEC 1992
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৫

২০

# ইসলামী বিশ্ববিদ্যালয়ে শিবিরের দৌরাত্ম্য

**শাহ্ আরিফ নিশির:** ইসলামী বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা ৯ দিন ধর্মঘট করার পর গত ২৪ নভেম্বর ধর্মঘট প্রত্যাহার করে নেয়। এ দিকে একই দিন শিবিরের নেতারা স্থানীয় শান্তিডাঙ্গা দুলালপুরে একজন ছাত্রকে মার ধোর করলে এর জের ধরে শিক্ষক ধর্মঘট প্রত্যাহার করা সত্ত্বেও পরের দিন শুরু হয় ন্যাক্কারজনক হানা-হানি, ধাওয়া- পাল্টা ধাওয়া। এর জের ধরে ১ জন হত ও কুষ্টিয়া ঝিনেদা শহর সহ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ১৫ জন আহত হয়। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তাৎক্ষনিকভাবে বিশ্ববিদ্যালয় সাত দিনের জন্যে বন্ধ ঘোষনা করেন।

জানা যায়, শিবির কর্মীরা পূর্ব পরিকল্পিত ভাবে এ হামলা চালায়। বিশ্ববিদ্যালয়ের সবদলীয় ছাত্রঐক্য নেতারা স্থানীয় জনতাকে সহযোগীতা করলে তাদেরকেও হামলা করা হয়। ঘটনার দিন ২০ রাউন্ড গুলি বর্ষিত হয় এবং আট শাতাধিক বোমা বিস্ফোরিত হয় বলে প্রত্যক্ষদর্শী সুত্রে জানা যায়। এর পর পুলিশ এসে ১০ রাউন্ড কাদাঁনে গ্যাস নিক্ষেপ করে পরিস্থিতি নিয়ন্ত্রনে আনে।

এসময় আখতারুজ্জামান, নকুলউদ্দিন ও আমজাদ হোসেন গুরুতর আহত হয়। এ ঘটনায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বিকেল ৫টার মধ্যে আবাসিক ছাত্রদের হল ত্যাগের নির্দেশ দেয়। এতে শিবির কর্মিরা ক্ষুব্ধ হয়ে হামলা চালালেও সর্বদলীয় ছাত্র ঐক্য নেতারা স্থানীয় জনগনকে বিরত রাখার চেষ্টা করে যাতে আবার সংঘর্ষ না বাঁধে। জানাযায় এ সময় শিবির কর্মীরা তাদের নিয়ন্ত্রনাধীন হরিনারায়নপুরের পাঞ্জেরী ম্যাসে অবস্থানরত বগুড়া জেলার ছাত্রদল নেতার ছোট ভাই ইসলামের ইতিহাস প্রথম বর্ষের ছাত্র সাইফুল ইসলামকে খুন করে এবং তারই চাচাতো ভাই প্রথম বর্ষ আইন বিভাগের ছাত্র নূরুজ্জামানকে গুরুতর আহত করে। আহত নূরুজ্জামানের সাথে আলাপ করা হলে সে জানায়, শিবিরের ম্যাসে থাকলেও তারা শিবিরের কর্মী না। বিশ্ববিদ্যালয়ে ছিট না পাওয়ার কারণে এ ছাত্রাবাসে থাকা। ২৬ নভেম্বর ঝিনেদা ও কুষ্টিয়ার সর্বদলীয় ছাত্র ঐক্যের কর্মীরা বাস-ট্রাক ভাংচুর করে এবং সড়ক যোগাযোগ ১০ ঘন্টা বন্ধ করে রাখে। শিবিরে কেন্দ্রীয় সভাপতি কুষ্টিয়া আসে এবং সাইফুল তাদের কর্মী বলে দাবি করে। লাশের ময়না তদন্ত করে জানাজা পড়ায় এবং সাইফুলের লাশ তাঁর দেশের বাড়ি বগুড়ায় পাঠানো হয়। কিন্তু বগুড়া থেকে সাইফুলের আত্মীয়ের গত ২১শ নভেম্বর একটি টেলিগ্রামে উল্লেখ করা হয় সাইফুল মৌলবাদী জামাত শিবিরের কর্মী নয়। পরিস্থিতি বিবেচনা করে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ১ মাস ৪ দিন বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষনা করেন।